

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যোগাযোগ মন্ত্রণালয়
সড়ক বিভাগ
রক্ষণাবেক্ষণ অধিশাখা।


নং-৩৫.০০.০০০০.০১৫.০৭.০০৩.১২-১০৫

তারিখ : ০৮.০৪.২০১২ খ্রিঃ।

বিষয় : নিরাপদ যাতায়াত নিশ্চিতকরণের লক্ষ্যে সড়ক ও জনপথ অধিদপ্তর - এর আওতাধীন সড়কসমূহে বিভিন্ন জরুরি কার্যক্রম গ্রহণ প্রসঙ্গে।

সড়ক ও জনপথ অধিদপ্তর - এর সড়কসমূহে জনসাধারণের নিরাপদ যাতায়াত নিশ্চিত করার জন্য জরুরি ভিত্তিতে নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল :

- (ক) আসন্ন বর্ষা মওসুমে বৃষ্টির কারণে রাস্তার shoulder যাতে ভেঙ্গে না যায় সে বিষয়ে প্রয়োজনীয় প্রতিরোধমূলক পদক্ষেপ গ্রহণ করতে হবে ;
- (খ) বৃষ্টির পর রাস্তার উপর/রাস্তার পার্শ্ব যাতে পানি জমে না থাকে সে জন্য বৃষ্টির পর পর রাস্তা পরিদর্শন করে তড়িৎ মাটির নালা তৈরী করে বৃষ্টির পানি অপসারণের ব্যবস্থা নিতে হবে ;
- (গ) রাস্তায় কোন গর্তের সৃষ্টি হলে সংশ্লিষ্ট সড়ক বিভাগকে নিজস্ব সরঞ্জাম ও জনবল দ্বারা তাৎক্ষণিক মেরামতের ব্যবস্থা নিতে হবে ;
- (ঘ) রাতের বেলায় চলাচলকারী গাড়ীর চালক সহজেই যাতে রাস্তার ব্রীজ সনাক্ত করতে পারেন সে জন্য সকল ব্রীজের রেলিংসহ প্রয়োজনীয় স্থানে এবং যেখানে Retro-reflective রং নেই বা অস্পষ্ট সেখানে রং লাগাতে হবে ;
- (ঙ) সড়ক দুর্ঘটনারোধে গাড়ী চালকদের জন্য প্রয়োজনীয় সকল ধরনের Signpost যথাযথভাবে সড়কে আছে কিনা তা যাচাই করে নিশ্চিত করতে হবে ; এবং
- (চ) রাস্তার বিপদজনক বাঁকসমূহ যাতে গাড়ীর চালকগণ সহজেই বুঝতে পারে সে জন্য বিপদজনক বাঁকে গাছ থাকলে সেগুলোতে প্রয়োজনে রং/চুন লাগানো যেতে পারে।


(মোঃ দেলোয়ার হোসেন)
উপ-সচিব (রক্ষণাবেক্ষণ)
ফোন : ৯৫১৪০৭৫।


বিতরণ :

(ক) কার্যার্থে :

- ১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, রমনা, ঢাকা।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল জোন), সড়ক ও জনপথ অধিদপ্তর (.....)।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল সার্কেল), সড়ক ও জনপথ অধিদপ্তর (.....)।
- ৪। নির্বাহী প্রকৌশলী (সকল সড়ক বিভাগ), সড়ক ও জনপথ অধিদপ্তর (.....)।

(খ) জ্ঞাতার্থে :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাশে সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, যোগাযোগ মন্ত্রণালয়।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়।


System Analyst
৯৫১৪০৭৫